

দেশজুড়ে ই-লাইব্রেরি গড়ে তোলার উদ্যোগ

করাষ্ট্রভিত্তিক দি বিল অ্যান্ড মেলিভা পেটস ফাউন্ডেশনের সহায়তায় দেশে ই-লাইব্রেরি গড়ে তোলার উদ্যোগ নিতে যাচ্ছে সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগ। ব্রিটিশ কাউন্সিলের একটি প্রতিনিধিদল গতকাল বৃহস্পতিবার আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদের দপ্তরে সাক্ষাৎ করতে এলে এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ব্রিটিশ কাউন্সিলের প্রতিনিধিরা জানান, বিল অ্যান্ড মেলিভা পেটস ফাউন্ডেশন বাংলাদেশে ই-লাইব্রেরি চালুর ব্যাপারে আগ্রহী।

এ সময় প্রতিমন্ত্রী বলেন, 'আমরা শিগগিরই পিপলস কলসেন্টার নামে একটি কলসেন্টার চালু করতে যাচ্ছি; যেখানে আমরা এই ই-লাইব্রেরি কার্যক্রমকেও যুক্ত করতে পারি।'

ব্রিটিশ কাউন্সিলের উপপরিচালক ম্যাট পাসির নেতৃত্বে এই প্রতিনিধিদলে ছিলেন ব্রিটিশ কাউন্সিলের সহকারী পরিচালক (ব্যবসা উন্নয়ন) থমাস দোয়ারিট এবং ব্রিটিশ কাউন্সিলের ব্যবসা উন্নয়ন সমন্বয়কারী নাবিলা রহমান। এ সময় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক আশরাফুল ইসলাম, জাতীয় ডেটা সেন্টারের পরিচালক তারেক বরকতউল্লাহসহ অনেকে। ● বিজ্ঞপ্তি